

কৃষি সমূহ



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন  
৮৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০  
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)  
[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

স্মারক নং-১২.২৪৩.০১৮.০২.১১.০১৪.২০০৩-১০১০

তারিখঃ ২২ ডিসেম্বর, ২০১৮ খ্রি।

জনাব আব্দুল মতিন চৌধুরী,  
নূর এন্টারপ্রাইজ, ১১৮/১,  
উত্তর বাসাবো, ঢাকা-১২১৪।

বিষয়ঃ বকেয়া ভাড়া ও অন্যান্য পাওনাদি পরিশোধ গুদাম ও অন্যান্য স্থাপনাদি হস্তান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার মাধ্যমে ব্যবহৃত বিএডিসি'র আওতাধীন নোয়াখালী অঞ্চলের লক্ষ্মীপুর জেলাধীন রায়পুরস্থ ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদির উপর প্রাপ্ত বকেয়া ভাড়া পরিশোধপূর্বক বর্ণিত স্থাপনাসমূহ হস্তান্তরের জন্য সর্বশেষ পর্যায়ে ২৯ আগস্ট, ২০১৮ তারিখে ৩২২ নং স্মারকে পত্র দেয়া হয়। এর প্রেক্ষিতে ১৬/১০/২০১৮ তারিখে আপনার মাধ্যমে একটি পত্র দাখিল করা হয়। উক্ত পত্রের মর্মান্যায়ী ৪ নভেম্বর, ২০১৮ তারিখের ৭৮৫ নং স্মারক অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে একটি অনানুষ্ঠানিক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনাকালে বকেয়া ভাড়া পরিশোধের জন্য আপনাকে অনুরোধ করা হয়। এছাড়া আপনার মাধ্যমে দাখিলকৃত আবেদনপত্রের উপর জানানো হয় যে, বিষয়টি উপর্যুক্ত কর্তৃপক্ষের পর্যায়ে নিষ্পত্তিযোগ্য। বিষয়টি উপর্যুক্ত কর্তৃপক্ষের দৃষ্টিতে আনয়ন করা হবে। তবে সেক্ষেত্রে আপনাকে বকেয়া ভাড়া পরিশোধে উদ্যোগ গ্রহণ করতে হবে। বিষয়টি নিয়ে অদ্য ১৯/১২/২০১৮ তারিখে আপনার সঙ্গেও টেলিফোনযোগে আলোচনা হয়েছে।

০২. এমতাবস্থায়, বকেয়া ভাড়া পরিশোধে প্রয়োজনীয় উদ্যোগ অন্তিমিলম্বে গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

১১/১০/২০১৮  
(আশুতোষ লাইভ্রি)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৮০১৬

অনুলিপি:

১. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, নোয়াখালী (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক তত্ত্ব দণ্ডকে অবহিতকরণের অনুরোধসহ)।
২. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৩. অফিস কপি।